

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.২০৪.০২.০০০১.২৬ নথির বিষয়: স্থায়ী দাদন সংক্রান্ত নথি

নোট: ১ নোটের বিষয়: স্থায়ী দাদন বিল বৃদ্ধিকরণ

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩০/৮/২৬ ১:৩২ অপরাহ্ন

১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়াসা ভবনে বর্তমানে ২৭০-৩০০ টি টিএন্ডটি টেলিফোন সংযোগ রয়েছে। এসব টেলিফোন সংযোগগুলো ঢাকা ওয়াসার উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং বিভিন্ন দপ্তর/বিভাগের দায়িত্বে থাকা গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণ কর্তৃক ব্যবহৃত হয়ে আসছে। ঢাকা ওয়াসা একটি গুরুত্বপূর্ণ সেবামূলক প্রতিষ্ঠান। সুতরাং গ্রাহক সেবার উন্নত মান বজায় রাখার স্বার্থে টেলিফোনিক যোগাযোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কর্মকর্তাগণের নিরবচ্ছিন্ন যোগাযোগ রক্ষার জন্য সকল টেলিফোন সেট ও লাইনসমূহ সার্বক্ষণিক সচল রাখা অত্যন্ত জরুরী প্রয়োজন।

২। বর্ণিত টেলিফোন লাইনসমূহ সচল রাখার জন্য প্রতিনিয়ত কিছু না কিছু টেলিফোন যন্ত্রাংশ/সরঞ্জামাদি (যেমন- ক্যাবল, কর্ড, জয়েন্টবক্স, ওয়্যারিং ক্লিপ ইত্যাদি) ক্রয় করতে হয়। এছাড়াও সার্ভিসিং (যেমন- সেট মেরামত, লাইন সার্ভিসিং, প্রোগ্রামিং, লক ওপেনিং ইত্যাদি) কাজ সম্পাদন করতে হয়। এসকল কাজ সম্পাদনের নিমিত্ত প্রায় ৭ (সাত) বৎসর পূর্বে ১৯/০২/২০১৯ খ্রিঃ তারিখে যোগাযোগ সেলের অনুকূলে ৬,০০০/- (ছয় হাজার) টাকার স্থায়ী দাদন বিল মাসে একবার উত্তোলনের জন্য অনুমোদিত হয় (বিবেচ্য সংযুক্তি: পূর্বের অনুমোদনের কপি সদয় দ্রষ্টব্য)। সাত বছর আগের তুলনায় বর্তমান বাজারে সকল জিনিসপত্রের দাম দ্বিগুণ বৃদ্ধি পাওয়ার কারণে উক্ত পরিমাণ অর্থ দিয়ে বর্তমানে ব্যয় মেটানো সম্ভব হচ্ছে না বিধায় যোগাযোগ সেলের স্থায়ী দাদন বিলের পরিমাণ বৃদ্ধি করা জরুরী প্রয়োজন।

৩। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে সকল পণ্য-দ্রব্যের বর্তমান বাজার মূল্যের কথা বিবেচনা করে কমন সার্ভিস বিভাগের আওতাধীন যোগাযোগ সেলের স্থায়ী দাদন বিল ৬,০০০/- (ছয় হাজার) টাকা থেকে বৃদ্ধি করে ১০,০০০/- (দশ হাজার) টাকায় উন্নীত করার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলে এতদসংক্রান্ত অফিস আদেশ জারি করা যেতে পারে।

প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।



৩০/৮/২৬ ২:১৫ অপরাহ্ন
মোঃ শাহ আলম
কমিউনিকেশন অফিসার
কমিউনিকেশন সেকশন



৩০/৮/২৬ ২:২৯ অপরাহ্ন
মোঃ আলমগীর হোসেন
উপসচিব
কমন সার্ভিস বিভাগ



১/৯/২৬ ২:৫৮ অপরাহ্ন
মুহাম্মদ আবদুল হাই মিলটন
সচিব
সচিবের দপ্তর



১/৯/২৬ ১০:০০ অপরাহ্ন
এ.কে.এ.এম. ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর
দপ্তর


১/৯/২৬ ১০:০০ অপরাহ্ন
ড. মুহা. মনিরুজ্জামান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

সংযুক্তিসমূহ (১):

১। পূর্বের অনুমোদনের কপি.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১০/৯/২৬ ৪:২১ অপরাহ্ন

৯,০০০/- (নয় হাজার) টাকার স্থায়ী দাদনের অনুমোদন প্রদান করা হল।



১০/৯/২৬ ৪:২১ অপরাহ্ন
ড. মুহা. মনিরুজ্জামান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



১০/৯/২৬ ৬:৪১ অপরাহ্ন
এ.কে.এ.এম. ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর
দপ্তর



১২/৯/২৬ ১:৪৩ অপরাহ্ন
মুহাম্মদ আবদুল হাই মিলটন
সচিব
সচিবের দপ্তর



২১/৯/২৬ ১০:৫৩ পূর্বাহ্ন
মোঃ আলমগীর হোসেন
উপসচিব
কমন সার্ভিস বিভাগ

২১/৯/২৬ ১০:৫৩ পূর্বাহ্ন
মোঃ শাহ আলম
কমিউনিকেশন অফিসার
কমিউনিকেশন সেকশন

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৩/৯/২৬ ১১:৫৫ পূর্বাহ্ন

নোটানুচ্ছেদ ১.০ এর প্রস্তাব ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদন অনুযায়ী এতদসংক্রান্ত অফিস আদেশ জারি করা যেতে পারে। অফিস আদেশের খসড়া প্রস্তুত করে অনুমোদন ও জারি করার লক্ষ্যে নথিতে পেশ হলো। সদয় স্বাক্ষর করা যেতে পারে।



২৪/৯/২৬ ৯:১৮ পূর্বাহ্ন
মোঃ শাহ আলম
কমিউনিকেশন অফিসার
কমিউনিকেশন সেকশন



২৪/৯/২৬ ১০:০০ পূর্বাহ্ন
মোঃ আলমগীর হোসেন
উপসচিব
কমন সার্ভিস বিভাগ



২৪/৯/২৬ ১০:১৫ পূর্বাহ্ন
মোঃ শাহ আলম
কমিউনিকেশন অফিসার
কমিউনিকেশন সেকশন

তারিখঃ ২৪/৯/২৬ ১০:০০ পূর্বাহ্ন

অফিস আদেশ ২৪ সেপ্টেম্বর ২০২৬, নম্বর ৪৬.০৫.০০০০.০০০.২০৪.০২.০০০১.২৬.১৯, প্রেরণের তারিখ: ২৪-০৯-২০২৬ (অনুচ্ছেদ পত্র)